# SSC Model Test -2018

অধ্যায় ভিত্তিক

| বিষয় | | সময় |
|---|---|---|
| ইসলাম শিক্ষা | | ১.৩০মি |

| পরীক্ষা নং | পূর্ণমান | অধ্যায় |
|---|---|---|
| ০১ | ৪০ | তৃতীয় |

পরীক্ষার্থীর নাম ঃ ..................................................................... রোল নং | | | | | | | রেজি.নং | | | | | | |

**যে কোন ২টি প্রশ্নের উত্তর দাও**

**১। নিচের উদ্দীপকটি পড় এবং প্রশ্নগুলোর উত্তর দাওঃ**

করিম ও বাদল রাস্তায় বসে গল্প করছিল। এ সময় তারা দেখল লোকজন মিছিল করছে এই বলে, 'জিহাদ, জিহাদ, জিহাদ ভাই, জিহাদ করে বাঁচতে চাই।' করিম বাদলকে জিজ্ঞাসা করল, জিহাদ কী? বাদল বলল, 'জিহাদ হলো, কেউ ধর্মদ্রোহী হয়ে ইসলামের বিরুদ্ধে আঘাত হানলে তার বিরুদ্ধে যুদ্ধ করা।' করিম বলল, 'তা ওরা কি কাউকে হত্যা করতে যাচ্ছে?' বাদল বলল, 'সম্ভবত'।

ক. জিহাদ কয় প্রকার ও কী কী? ১

খ. জিহাদের উদ্দেশ্য কী? ব্যাখ্যা কর। ২

গ. বাদলের কথায় কোন ধরনের জিহাদ ফুটে উঠেছে? উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ. জিহাদ সম্পর্কে বাদলের বিশ্বাসের যথার্থতা ব্যাখ্যা কর। ৪

**২। নিচের উদ্দীপকটি পড় এবং প্রশ্নগুলোর উত্তর দাওঃ**

টিভিতে একজন বিজ্ঞ আলোচক তার আলোচনায় বললেন, মুসলমান হিসেবে আমাদের সার্বক্ষণিক জিহাদের মধ্যে থাকতে হয়। তাঁর আলোচনা শুনে ফাহিম বলল, মুসলমানরা কী সন্ত্রাসী জাতি যে সবসময় মারামারি-কাটাকাটির মধ্যে থাকবে? কথাটি শুনে ফাহিমের পিতা বলল, 'জিহাদ অর্থ সন্ত্রাস নয়' তুমি যদি খারাপ কাজ থেকে ফিরে থাক তাও জিহাদ। জিহাদের সাথে সন্ত্রাসের কোনো সম্পর্ক নেই।

ক. কোন কাজে আল্লাহর সন্তুষ্টি রয়েছে? ১

খ. জিহাদের উদ্দেশ্য ব্যাখ্যা কর। ২

গ. ফাহিমের পিতা কোন প্রকার জিহাদের কথা বলেছেন? ব্যাখ্যা কর। ৩

ঘ.জিহাদের সাথে সন্ত্রাসের সম্পর্ক বিষয়ে ফাহিমের পিতার উক্তিটি বিশ্লেষণ কর। ৪

**৩। নিচের উদ্দীপকটি পড় এবং প্রশ্নগুলোর উত্তর দাওঃ**

লেবাননে 'ক' ও 'খ' নামক দুটি সংগঠনের কার্যক্রম সম্পর্কে জানা যায়। 'ক' সংগঠন মহান আল্লাহ ও তাঁর রাসুলের পথে মানুষকে আহ্বান করছে। নিজেদের জীবনকে কুরআন ও হাদিসের আলোকে পরিচালিত করছে এবং মানুষের মধ্যে ইসলামের বাণী লিখিত আকারে প্রচার করে ইসলামের আদর্শ বাস্তবায়নের চেষ্টা করছে। অপরপক্ষে 'খ' সংগঠন ক্ষমতা দখল ও সম্পদের লোভে খুন-খারাবি, লুটতরাজ ও অন্যায় রক্তপাত ঘটানোর মাধ্যমে দেশের মানুষের সুখ নষ্ট করছে এবং মুখে বলছে তারা ইসলাম কায়েম করতে চায়।

ক. যাকাতের আভিধানিক অর্থ কী? ১

খ. স্বীয় নফসের সাথে জিহাদ বলতে কী বোঝ? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে 'ক' সংগঠনের কার্যক্রম পাঠ্যপুস্তকের আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ. তুমি কি মনে কর, 'খ' সংগঠনের সাথে ইসলামের সম্পর্ক রয়েছে? মতামতের সপক্ষে যুক্তি দাও। ৪

বহুনির্বাচনী প্রশ্নঃ-২০

**১) জনাব হামিদুল হক নিয়মিত আল্লাহর ইবাদত করে থাকেন। এর ফলে তিনি কী লাভ করবেন?**

ক. রাসুলের সন্তুষ্টি   খ. আল্লাহর সন্তুষ্টি
গ. সামাজিক মর্যাদা   ঘ. পিতামাতার সন্তুষ্টি

**২) তাদের হৃদয় আছে কিন্তু তা দ্বারা উপলব্ধি করে না, তাদের চক্ষু আছে তা দ্বারা দেখে না, তাদের কর্ণ আছে তা দ্বারা শুনে না; এরা পশুর ন্যায়। বরং অধিক নিকৃষ্ট; তারা অচেতন। এর মর্মার্থ কী?**

ক. ইবাদত থেকে বিমুখ   খ. বিবেক-বুদ্ধি শূন্য
গ. চতুষ্পদ জন্তু   ঘ. চতুষ্পদ জন্তুর চেয়ে অধম

**৩) কারা আল্লাহর খিলাফতের দায়িত্ব পালন করবে?**

ক. মানুষ   খ. জিন   গ. ফেরেশতা   ঘ. নবি-রাসুলগণ

**৪) সালাত আদায়ের পর কোথায় ছড়িয়ে পড়তে হয়?**

ক.আকাশে  খ. বাতাসে  গ. জমিনে  ঘ. পৃথিবীতে

**৫) সূরা জুমুআর কত নং আয়াতে আল্লাহ মানুষকে কাজের সন্ধানে ব্যাপৃত হতে বলেছেন?**

ক .৬  খ. ৮  গ. ১০  ঘ. ১২

**৬) ইবাদত কয় প্রকার?**

ক. ২  খ. ৩  গ. ৪  ঘ. ৫

**৭) আল্লাহর সাথে সম্পৃক্ত অধিকার বা কর্তব্যকে কী বলে?**

ক. হাক্কুল্লাহ  খ. হাক্কুল ইবাদ

গ. সালাত  ঘ. সাওম

**৮) আরিফুল ইসলাম একজন বিশিষ্ট সমাজসেবক, কিন্তু নামায-রোযার ব্যাপারে তার মধ্যে উদাসীনতা পরিলক্ষিত হয়। তিনি কোনটি লঙ্ঘন করেছেন?**

ক. বান্দার হক  খ. সমাজের হক

গ.. আল্লাহর হক  ঘ .রাষ্ট্রের হক

**৯) সাওম কোন ধরনের ইবাদত?**

ক. হাক্কুল্লাহ  খ. হাক্কুল ইবাদ

গ. হাক্কুল মুসলিম  ঘ. হাক্কুল অতান

**১০) আসমা বেগম এবার হজে গিয়ে নিজেকে পবিত্র ও পরিশুদ্ধ করার সিদ্ধান্ত নিয়েছেন। তার এ কাজে-**

ক. বান্দার হক আদায় হবে  খ.আল্লাহর হক আদায় হবে

গ. মক্কা শরিফের হক আদায় হবেঘ. কুরবানি করার সওয়াব লেখা হবে

**১১) হাক্কুল ইবাদের অর্থ কী?**

ক. আল্লাহর হক  খ. বান্দার হক

গ. মুসলমানদের হক  ঘ. অমুসলিমদের হক

**১২) বান্দার সাথে সম্পৃক্ত অধিকার বা কর্তব্যকে কী বলে?**(অনুধাবন)

ক. হাক্কুল ইবাদ  খ. হাক্কুল্লাহ

গ. দাসত্ব  ঘ. আল্লাহর হক

**১৩) জয়নাল একজন পরহেজগার ব্যক্তি। কিন্তু সে তাঁর প্রতিবেশীর কোনো খোঁজখবর রাখে না। তার দ্বারা কোনটি লঙ্ঘিত হয়েছে?**

ক. বান্দার হক  খ. আল্লাহর হক

গ. পিতামাতার হক  ঘ রাষ্ট্রের হক

**১৪) লামিয়া সবসময় তার বয়োজ্যেষ্ঠদের সালাম দেয় এবং ক্লাসে অভাবী বন্ধুদের সহযোগিতা করার চেষ্টা করে। লামিয়ার কাজটিতে কী প্রকাশ পেয়েছে?**

ক. আল্লাহ প্রতি হক আদায়  খ. মানুষের প্রতি কর্তব্য পালন

গ. স্কুলের প্রতি দায়িত্ব পালন

ঘ. অমুসলিমদের প্রতি কর্তব্য পালন

**১৫) রোমান মজলুমকে সাহায্য করে। এতে রোমানের চরিত্রে ইসলামের কোন হকটি প্রকাশ পায়?**

ক. হাক্কুল্লাহ  খ. হাক্কুল ইবাদ

গ. আল্লাহর হক  ঘ .ফেরেশতাদের হক

**১৬) নিচের কোনটি হাক্কুল ইবাদ?**

ক .সাওম পালন করা  খ. সালাত কায়েম করা

গ. জানাযায় অংশ নেওয়া  ঘ. জিহাদ করা

**১৭) এক মুসলিমের উপর অপর মুসলিমের কয়টি হক রয়েছে?**

ক. ৬  খ. ৭  গ. ৮  ঘ. ৯

**১৮) সালাত আদায় করার পর জমিনে ছড়িয়ে পড়বে। কারণ–**

i. আল্লাহর অনুগ্রহ সন্ধানে ব্যাপৃত হবে

ii. কৃষি কাজে মনোনিবেশ করবে

iii. যাতে তোমরা সফলকাম হও

**নিচের কোনটি সঠিক?**

ক. i ও ii  খ. i ও iii  গ. ii ও iii  ঘ. i, ii ও iii

**নিচের অনুচ্ছেদটি পড়ে ১৯ও ২০নং প্রশ্নের উত্তর দাও :**

কামরুল সাহেব একজন প্রভাবশালী ব্যক্তি। টাকার অহংকারে তিনি পাশের বাসার লোকদের সাথে দুর্ব্যবহার করেন।

**১৯) পরকালে কামরুল সাহেবের পরিণতি হবে–**

ক. জাহান্নাম  খ. হাশর  গ. আরাফ  ঘ. জান্নাত

**২০) কামরুল সাহেব তার আচরণের মাধ্যমে লঙ্ঘন করেছেন–**

i. প্রতিবেশীর অধিকার  ii. হাক্কুল ইবাদ

iii. আত্মীয়ের অধিকার

**নিচের কোনটি সঠিক?**

ক. i ও ii  খ. i ও iii  গ. ii ও iii  ঘ. i, ii ও iii